

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩০০

১/ বিবিধ

আরবী

آخر قرية من قرى الإسلام خراباً المدينة

ضعيف

رواه الترمذى (2/326) وأبن حبان (1041) وأبو عمرو الدانى فى "السنن الواردة فى الفتن" (68 - 69) عن سلم بن جنادة قال: حدثني أبي عن هشام بن عروة عن أبيه عن أبي هريرة مرفوعاً. وقال الترمذى: هذا حديث حسن غريب، لا نعرفه إلا من حديث جنادة عن هشام بن عروة، قال

تعجب محمد بن إسماعيل من حديث أبي هريرة هذا

وقال المناوى فى "فيض القدير": "رمز المصنف لضعفه، وهو كما قال، فإن الترمذى ذكر فى "العلل" أنه سُأله عنه البخاري؟ فلم يعرّفه، وجعل يتعجب منه، وقال: كنت أرى أن جنادة هذا مقارب الحديث انتهى. وقد جزم بضعف جنادة المذكور جمع منهم المزي وغيره

قلت: وفي "التهذيب": "قال أبو زرعة: ضعيف. وقال أبو حاتم: ضعيف الحديث؛ ما أقربه من أن يترك حديثه، عمد إلى أحاديث موسى بن عقبة فحدث بها عن عبيد الله بن عمر. وذكره ابن حبان في الثقات". قلت: وقال الساجي: حديث عن هشام بن عروة حدثنا

منكرا

قلت: ولعله يعني هذا. ثم ذكر أنه وثقه ابن خزيمة أيضاً، وكأن ابن حبان أخذ توثيقه

عنه فإنه شيخه، وهو متساهمان في التوثيق، كما هو معلوم عند أهل العلم والتحقيق،  
فتضعيف من ضعفه أولى بالاعتماد منها

বাংলা

১৩০০। ইসলামী গ্রামগুলোর (শহরগুলোর) মধ্য থেকে সর্বশেষ গ্রাম (শহর) হিসেবে মদীনা বিনষ্ট হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিয়ী (২/৩২৬- ৩৯১৯), ইবনু হিবান (১০৪১), আবু আমর আদদানী "আস-সুনানুল ওয়ারিদাহ ফিল ফিতান" গ্রন্থে (৬৮-৬৯) সালাম ইবনু জুনাদাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি হিশাম ইবনু উরওয়াহ হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

ইমাম তিরমিয়ী বলেনঃ এ হাদীসটি হাসান গারীব। হিশাম ইবনু উরওয়াহ হতে একমাত্র জুনাদার হাদীস হিসেবেই এটিক আমরা জানি। তিনি বলেনঃ ইমাম মুহাম্মাদ ইবনু ইসমাঈল বুখারী আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত এ হাদীসকে আশ্চর্যজনক মনে করেছেন।

আমি (আলবানী) বলছি “আত-তাহ্যীব” গ্রন্থে এসেছেঃ আবু যুরয়াহ বলেনঃ তিনি (জুনাদাহ) দুর্বল। আবু হাতিম বলেনঃ তিনি (জুনাদাহ) হাদীসের ক্ষেত্রে দুর্বল। ইবনু হিবান তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করেছেন। সাজী বলেনঃ তিনি হিশাম হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত তিনি এ হাদীসটিকেই বুঝিয়েছেন। তাকে (জুনাদাহকে) ইবনু খুয়ায়মাহও নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। সম্ভবত ইবনু হিবান তার থেকে নির্ভরযোগ্য বলার বিষয়টি গ্রহণ করেছেন। কারণ ইবনু খুয়ায়মাহ ইবনু হিবানের শাইখ। আর বিশেষজ্ঞদের নিকট এটি প্রসিদ্ধ বিষয় যে তারা দু'জনই নির্ভরযোগ্য আখ্যা দানের ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারী। এ কারণে যারা জুনাদাহকে দুর্বল আখ্যা দিয়েছেন তাদের কথাই বেশী নির্ভরযোগ্য এবং গ্রহণযোগ্য।

হাদিসের মান: যদ্দেশ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72179>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন